

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/23/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**FY 2020 কার্যনির্বাহী বাজেটে স্কুল বাসের নিরাপত্তা আরো শক্তিশালী করার প্রস্তাব ঘোষণা
করেছেন গভর্নর কুওমো**

**স্কুল বাসে স্টপ আর্ম ক্যামেরা লাগানো অনুমোদন করেছেন এবং একটি স্কুল বাসের পাশ কাটিয়ে
যাওয়ার জরিমানা বৃদ্ধি করেছেন**

স্কুল বাসে ছাত্রদের সিটবেল্ট পড়া বাধ্যতামূলক করেছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে তার আর্থিক বর্ষ 2020 এর কার্যনির্বাহী বাজেটে নতুন প্রস্তাব ঘোষণা করেছেন স্কুল বাসে ছাত্রদের নিরাপত্তা আরো শক্তিশালী করার জন্য। গভর্নরের এই সর্বাঙ্গীণ প্রস্তাব স্কুল জেলাগুলিকে অনুমোদন প্রদান করবে স্কুল বাসে স্টপ-আর্ম ক্যামেরা লাগাবার জন্য, একটি থেমে থাকা স্কুল বাসের পাশ দিয়ে যাওয়ার জরিমানা বৃদ্ধি করতে এবং ছাত্রদের স্কুল বাসে সিটবেল্ট পড়া বাধ্যতামূলক করতে। এই প্রস্তাবগুলি গভর্নরের ছাত্রদের নিরাপত্তা নিশ্চিত করার এবং স্কুল নিরাপত্তা সংক্রান্ত আইনের আধুনিকিকরণের জন্য নেতৃত্বের উপর ভিত্তি করে তৈরি করা।

"নিউ ইয়র্কের স্কুল ছাত্রদের নিরাপত্তা আমাদের অগ্রাধিকারের বস্তুগুলির মধ্যে সর্বপ্রথম, এবং বেপরোয়া চালকরা যারা বাচ্চাদের জীবন বিপন্ন করে তাদের দায়বদ্ধ করতে হবে", **গভর্নর কুওমো বলেন।** "মোটর চালকদের মনোযোগ দেওয়ার এবং আইন মানার দায়িত্ব থাকে, বিশেষ করে যখন স্কুল বাসের কাছে যখন তারা গাড়ি চালাবেন, এবং এগুলি করলে নিশ্চিত করা যাবে যে ছাত্ররা স্কুলে নিরাপদভাবে যাতায়াত করতে পারবে এবং নিষ্প্রয়োজন দুর্ঘটনা এড়ানো যাবে।"

নিউ ইয়র্কে, প্রতি বছর আনুমানিক 1.5 মিলিয়ন ছাত্র স্কুল বাসে চড়ে স্কুলে যাতায়াত করার জন্য। যদিও থেমে থাকা স্কুল বাসের পাশ কাটিয়ে যাওয়া বেআইনি, এপ্রিল 2018 এ অপারেশন সেফ স্টপ (Operation Safe Stop) এর দিন - এমন একটি দিন যেদিন আইন বলবত্কারীরা থেমে থাকা স্কুল বাসের পাশ কাটিয়ে যাওয়ার আইন লঙ্ঘনগুলিকে তাদের লক্ষ্য বানান - 850 জনেরও বেশি মানুষ আইন উপেক্ষা করেন এবং তাদের টিকিট প্রদান করা হয়। 180টি স্কুলের দিনে এটি প্রয়োগ করলে, দেখা যাবে একজন মানুষ একটি থেমে থাকা স্কুল বাসকে পাশ কাটিয়ে যান বছরে 150,000 বার, স্কুলের বাচ্চাদের নিরাপত্তাকে বিপন্ন করে।

স্কুলে যাতায়াতের সময় ছাত্রদের নিরাপত্তা নিশ্চিত করতে গভর্নর প্রস্তাব রাখছেন স্কুল জেলাগুলিকে স্টপ-আর্ম ক্যামেরা ইনস্টল করার অনুমোদন দেওয়ার, যা বেআইনিভাবে স্কুল বাসের পাশ কাটানোর নথি রাখবে এবং ফলস্বরূপ একটি টিকিট জারি করবে এই আচরণ পাকাপাকিভাবে বন্ধ করার জন্য। অতিরিক্ত প্রতিবন্ধক হিসেবে, প্রস্তাবটি স্কুল বাসের পাশ কাটানোর জরিমানা বৃদ্ধি করবে যাতে ছাত্রদের নিরাপত্তা আরো বাড়ানো যায়। তা ছাড়াও, গভর্নর একটি প্রস্তাব রেখেছেন যা ছাত্রদের বাসে সিটবেল্ট পড়া বাধ্যতামূলক করবে।

FY 2020 তে প্রস্তাবিত ছাত্রদের নিরাপত্তা সংক্রান্ত সংস্কারের উপর ভিত্তি করে গভর্নর কুওমো সম্প্রতি একটি প্রস্তাব ঘোষণা করেন আনুষ্ঠানিকভাবে নিউ ইয়র্ক সিটিতে স্পিড ক্যামেরা পুনর্বহাল করার জন্য এবং এই ক্যামেরাগুলি ইনস্টল করার অঞ্চল দ্বিগুনেরও বেশি করার জন্য, তা 140 থেকে 290 করে। স্পিড ক্যামেরা একটি প্রমানিত উপায় শুধু গাড়ির দুর্ঘটনা হ্রাস করার জন্যই নয়, স্কুল অঞ্চলে দুর্ঘটনা থেকে বেঁচে বেরোনোর হারও উন্নত করার। প্রজাতন্ত্রীদের নেতৃত্বাধীন সিনেট 2018 সালে প্রোগ্রামটিকে চলতে দিতে পারে যে আইন তার পাশ হওয়া বন্ধ করে পরে, গভর্নর কুওমো প্রোগ্রামটি পুনরায় বহাল করার এক সাময়িক পন্থা হিসেবে জরুরি অবস্থা ঘোষণা করেন।

2016 সালে, গভর্নর কুওমো স্কুল নিরাপত্তা সংক্রান্ত আইনগুলির আধুনিকীকরণ করেন ছাত্রদের নিরাপত্তা বাড়ানোর জন্য। আপডেট করা আইন অনুযায়ী স্কুল জেলাগুলিকে একটি যোগাযোগের স্থান নির্দিষ্ট করতে হবে কোনো সঙ্কটের জন্য, শিক্ষক এবং কর্মীদের প্রশিক্ষণের প্রয়োজন বৃদ্ধি করা এবং নিরাপত্তা সংক্রান্ত অনুশীলনগুলি আপডেট করা, যার মধ্যে একটি পৃথককৃত আটক রাখার প্রয়োজন হয় এমন ঘটনা অন্তর্ভুক্ত।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)